ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৪৫৬৪

আগরতলা, ২ জানুয়ারি, ২০২৬

**রেড রিবন ফুটবল টুর্ণামেন্ট**

**স্বাস্থ্য সচিবের সভাপতিত্বে বৈঠক**

ত্রিপুরা রাজ্য এইডস কন্ট্রোল সোসাইটির উদ্যোগে রাজ্যজুড়ে 'রেড রিবন ফুটবল টুর্ণামেন্ট' (পুরুষ এবং মহিলা) আয়োজন করার লক্ষ্যে এক প্রস্তুতিমূলক বৈঠক আজ সচিবালয়ে অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যের সভাপতিত্বে সচিবালয়ের ভিডিও কনফারেন্স হলে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অধিকর্তা ডা. দেবাশ্রী দেববর্মা, এইডস কন্ট্রোল সোসাইটির প্রজেক্ট ডাইরেক্টর ডা. বিনিতা চাকমা, এজিএমসির এম এস ডা. বিধান গোস্বামী, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর সহ অন্যান্য দপ্তরের শীর্ষ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। এছাড়াও রাজ্যের ৮টি জেলার জেলা স্বাস্থ্য আধিকারিক (সি এম ও), জেলা এইডস কন্ট্রোল অফিসার এবং জেলা পর্যায়ের অন্যান্য দপ্তরের আধিকারিকগণ ভার্চুয়ালী বৈঠকে অংশগ্রহণ করেন।

বৈঠকের আলোচনায় 'রেড রিবন ফুটবল টুর্নামেন্টের' আয়োজন পদ্ধতি, সমন্বয় ব্যবস্থাপনা, দায়িত্ব বন্টন এবং খেলাধুলার মাধ্যমে যুব সমাজের মধ্যে এইচ আই ভি সম্পর্কে সচেতনতা বৃদ্ধির বিষয়টিও উঠে আসে। বৈঠকে সিদ্ধান্ত হয় আগামী কিছুদিনের মধ্যে এই 'রেড রিবন ফুটবল টুর্ণামেন্ট' (পুরুষ এবং মহিলা) রাজ্যব্যাপী আয়োজিত হবে। ফুটবল টুর্ণামেন্টের ফাইনাল পর্ব অনুষ্ঠিত হবে আগরতলার উমাকান্ত মিনি স্টেডিয়ামে। বৈঠকে স্বাস্থ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে আশা প্রকাশ করেন এই টুর্ণামেন্টের মাধ্যমে রাজ্যের যুব সমাজের মধ্যে স্বাস্থ্য সচেতনতা ও সামাজিক বার্তা আরও জোরদার হবে।

******